

## বাংলাদেশ

# আইসিটি বিভাগে মানারাত ইউনিভার্সিটির সিএসই শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন

নিজস্ব প্রতিবেদক ঢাকা



আইসিটি বিভাগে মানারাত ইউনিভার্সিটির শিক্ষার্থীরা ছবি : সংগৃহীত

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে (আইসিটি) মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সিএসই বিভাগের নবাগত শিক্ষার্থী ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি আইসিটি বিভাগ ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিদর্শন করেন ছাত্র-ছাত্রীরা।

By using this site, you agree to our Privacy Policy. OK

সিএসই বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক শারমিনা জামানের সার্বিক তত্ত্বাবধানে এ অরিয়েন্টেশন ও পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হয়। পরিদর্শনের সুযোগ পেয়ে তথ্যপ্রযুক্তির উন্নয়নে বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড সম্পর্কে তথ্য জানতে পেরে শিক্ষার্থীরা উৎফুল্ল ও অনুপ্রাণিত। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ওরিয়েন্টেশনে অংশ নেওয়া শিক্ষার্থীদের উদ্দেশে ইনোভেশন ডিজাইন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ একাডেমি (আইডিইএ) প্রকল্পের প্রজেক্ট ডিরেক্টর মো. আলতাফ হোসেন একটি চমৎকার সেশন পরিচালনা করেন। এতে তিনি আইডিইএ প্রকল্পের উদ্দেশ্য তুলে ধরেন এবং আর্থিক প্রণোদনা ও পরামর্শের ভিত্তিতে কীভাবে তাঁরা সম্ভাব্য স্টার্টআপগুলো বিকাশে সহায়তা করতে পারেন তা বর্ণনা করেন।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো